

## 💵 হারাম ও কবিরা গুনাহ

বিভাগ/অধ্যায়ঃ হারাম ও কবীরা গুনাহ্ পরিচিতি রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

ছোট শিৰ্ক

ছোট শির্ক বলতে এমন কাজ ও কথাকে বুঝানো হয় যা তাতে লিপ্ত ব্যক্তিকে ইসলামের গন্ডী থেকে সম্পূর্ণরূপে বের করে দিবে না বটে। তবে তা কবীরা গুনাহ্ তথা মহা পাপ অপেক্ষা আরো জঘন্যতম।

আল্লাহ্ তা'আলা বলেন:

«فَلَا تَجْعَلُوا لِلهِ أَنْدَادًا وَّأَنْتُمْ تَعْلَمُوْنَ»

"সুতরাং তোমরা আল্লাহ্ তা'আলার সাথে কাউকে শরীক করো না। অথচ তোমরা এ সম্পর্কে সম্যক অবগত রয়েছো"। (বাক্লারাহ্ : ২২)

'আব্দুল্লাহ্ বিন্ 'আববাস্ (রা.) উক্ত আয়াতের ব্যাখ্যায় বলেন:

الْأَنْدَادُ هُوَ الشِّرْكُ أَخْفَى مِنْ دَبِيْبِ النَّمْلِ عَلَى صَفَاةٍ سَوْدَاءَ فِيْ ظُلْمَةِ اللَّيْل، وَهُوَ أَنْ تَقُوْلَ: وَاللهِ وَحَيَاتِكِ يَا فُلَانَةَ! وَحَيَاتِيْ، وَتَقُوْلَ: لَوْلَا كَلْبَةٌ هَذِهِ لَأَتَانَا اللُّصُوْصُ، وَلَوْلَا الْبَطُّ فِيْ الدَّارِ لَأَتَى اللُّصنُوْصُ، وَقَوْلُ الرَّجُلِ فَلْانَا، هَذَا كُلُّهُ بِهِ شِرْكٌ. لِصَاحِبِهِ: مَا شَاءَ اللهُ وَشُرْنًا، هَذَا كُلُّهُ بِهِ شِرْكٌ.

"'আন্দাদ্" বলতে এমন শির্ককে বুঝানো হচ্ছে যা অন্ধকার রাতে কালো পাথরে পিঁপড়ার চলন চাইতেও সূক্ষ। যা টের পাওয়া খুবই দুরহ। যেমন: তোমার এ কথা বলা যে, হে অমুক! আল্লাহ্ তা'আলা এবং তোমার ও আমার জীবনের কসম! অথবা এ কথা বলা যে, যদি এ কুকুরটা না হতো তা হলে (আজ রাত) চোর অবশ্যই আসতো। যদি ঘরে হাঁসগুলো না থাকতো তা হলে (আজ রাত) চোর অবশ্যই ঢুকতো অথবা কারোর নিজ সাথীকে এ কথা বলা যে, আল্লাহ্ তা'আলা এবং তুমি না চাইলে কাজটা হতো না অথবা কারোর এ কথা বলা যে, আল্লাহ্ তা'আলা এবং অমুক না থাকলে কাজটা হতো না। অমুক শব্দটি সাথে লাগাবে না। (বরং বলবে: আল্লাহ্ তা'আলা যদি না চাইতেন কাজটা হতো না)। কারণ, এ সব কথা শির্কের অন্তর্গত"।

ছোট শির্কগুলো সংক্ষিপ্তাকারে নিম্নরূপ:

- ১. কোন বিপদাপদ থেকে বাঁচার জন্য সুতা বা রিং পরার শির্ক।
- ২. শির্ক মিশ্রিত মন্ত্র দ্বারা ঝাড়-ফুঁকের শির্ক।
- ৩ তাবিজ-কবচের শির্ক।
- ৪. শরীয়ত অসম্মত বস্তু বা ব্যক্তি কর্তৃক বরকত গ্রহণের শির্ক।
- ৫. যাদুর শির্ক।
- ৬, ভাগ্য গণনার শির্ক।



- ৭. জ্যোতিষীর শির্ক।
- ৮. চন্দ্র বা অন্য কোন গ্রহের অবস্থানক্ষেত্রের পরিবর্তনের কারণে বৃষ্টি হয় এমন মনে করার শির্ক।
- ৯. আল্লাহ্ তা'আলার যে কোন নিয়ামত অস্বীকার করার শির্ক।
- ১০. কোন প্রাণীর বিশেষ কোন আচরণে অমঙ্গলের আশংকা রয়েছে এমন মনে করার শির্ক।
- ১১. শরীয়ত অসম্মত কোন বস্তু বা ব্যক্তির ওয়াসীলা ধরার শির্ক।
- ১২, নামায ত্যাগের শির্ক।
- ১৩. আল্লাহ্ তা'আলা এবং তুমি না চাইলে কাজটা হতো না এমন বলার শির্ক।
- ১৪. আল্লাহ্ তা'আলা ছাড়া অন্য কোন ব্যক্তি বা বস্তুর নামে কসম খাওয়ার শির্ক।
- ১৫. যুগ বা বাতাসকে গালি দেয়ার শির্ক।
- ১৬. কোন ঘটনা ঘটে যাওয়ার পর ''যদি এমন করতাম তা হলে এমন হতো না'' বলার শির্ক।
- ১৭. কোন নেক আমল দুনিয়া কামানোর নিয়্যাতে করার শির্ক।
- ১৮. কোন নেক আমল আল্লাহ্ ভিন্ন অন্য কারোর সন্তুষ্টির জন্য করার শির্ক।
- ১৯. কোন নেক আমল কাউকে দেখানো বা শুনানোর জন্য করার শির্ক।

Source — https://www.hadithbd.com/books/link/?id=6633

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন